# পাঠ — 24

## বন ভোজন

**নিজে পড়ো ও শেখো —**



ঘাটশিলায় থাকতেন বিভূতিভূষণ । বনে জংগলে বেড়াতে ভালবাসতেন । একদিন বললেন — চল, সবাই ফুলডুংরি গিয়ে চড়ুই ভাতি করি ।

সবাই বলল — বরং চলুন দলমা পাহাড় । সেখানে বনভোজন হবে ।

---

**পাঠ সংকেত ঃ—** বনভোজন বা চড়ুইভাতি, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অরণ্যপ্রেম, ঘাটশিলা ও দলমা পাহাড়, ইউরেনিয়াম পাহাড় প্রভৃতি সম্বন্ধে একটু বলে দিন । এই প্রসঙ্গ নিয়ে অরণ্য সম্পদ ও পরিবেশ রক্ষা সম্বন্ধে বলুন ।

পরদিন ছিল শনিবার । জিপে চড়ে দলমা পাহাড়ের নিচে গিয়ে পৌঁছলাম । সেখান থেকে হাঁটা পথ ।

শাল, পিয়াল, মহুয়া ও কেঁদ গাছের জংগল । আমলকি, কুল, কুসুম পলাশ গাছের ছড়াছড়ি । কত রকমের লতা - পাতা কত ঝোপঝাড় । ফুলে ফুলে ভরা। বিভূতি জেঠু আমাদের সব গাছপালা চেনালেন । তাদের নাম বললেন ।

সবাই নদীর ধারে, গাছের ছায়ায় বসলাম । সেখানে উনুন তৈরি হ'ল । আমরা কাঠ, জল ও পাতা নিয়ে এলাম । শালপাতা গেঁথে থালা-বাটি তৈরি করা হ'ল ।

ভোলাদাদা আর কালি সোরেণ রাঁধতে বসল । ভাত, বেগুন ভাজা আর মাংসের ঝোল রাঁধা হ'ল ।

দুপুর বেলা মহা ধুম করে ভোজ হ'ল । দেখি, একটা কুকুর এসে হাজির । একদল কাক এ'ল, শালিক এল । এঁটো খাবার লোভে ।

বিভূতি জেঠু বললেন — জংগলে অনেক রকম পাখি আছে । আছে টিয়া, কাঠ-ঠোক্‌রা, কোকিল, বক, আর আছে ময়ূর ।

নুরুল বলল – এ বনে বাঘ আছে শুনেছি । বিভূতি জেঠু বললেন — বাঘও আছে, হাতিও আছে । হরিণ, বুনো শুয়োর, বুনো মোষ, হায়নাও আছে । খরগোশ, সজারু আর বেজি আছে। ছোট বড় সাপও আছে । আমি বহুবার হাতির পাল দেখেছি । যাদুগোড়ায় ইউরেনিয়ামের পাহাড় আছে জানো তো । সেখানে একবার বাঁদরের পাল আমায় তাড়া করেছিল।

তিনি বললেন — বেলা পড়ে আসছে । এবার চল, ফেরা যাক । হাতির পাল বেরোলে বিপদে পড়ব ।

আমরা জিপে চড়ে ফিরে এলাম ।

1. **পড়ো —**

পাহাড়, আমলকি, কুসুম, পলাশ, ঝোপঝাড়,

শালপাতা, বিভূতিভূষণ, জংগল, কাঠ -ঠোকরা,

সজারু, যাদুগোড়া, ঘাটশিলা, বুনোশুয়োর

2. **পড়ো ও লেখো —**

শাল গাছের পাতা ।

কেঁদ গাছের ফল ।

পিয়াল গাছের কাঠ ।

মহুয়া গাছের ফুল ।

কুল গাছের ফল ।

কুসুম গাছের পাতা ।

আমলকি গাছের ফল ।

পলাশ গাছের ফুল ।

3. **পুরো কথায় উত্তর দাও —**

- কে জংগলে বেড়াতে ভাল বাসত ?
- কোন্ পাহাড়ে চড়ুইভাতি হ'ল ?
- জংগলে কী কী ফলের গাছ ছিল ?
- কী দিয়ে থালা বাটি তৈরি হ'ল ?
- ইউরেনিয়ামের পাহাড় কোথায় ?

4. **জংগলের গাছগুলির নাম লেখো —**

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |

5. জংগলের চারটি পাখির নাম লেখো —

| | | | |
|---|---|---|---|
| | | | |

6. জংগলের চারটি গাছের নাম লেখো —

| | | | |
|---|---|---|---|
| | | | |

7. নিচের শব্দগুলিতে একটু ভুল আছে, ঠিক করে লেখো —

খাটশিল ____________ বল ভোজন ____________

লতাপাতি ____________ বিভূতিভাষণ ____________

ডালপাতা ____________ মাছপালা ____________

খরগোল ____________ যাদুপোড়া ____________

8. লেখো —

ফুল ডুংরিতে চড়ুইভাতি করি।

দুপুর বেলা ভোজ হ'ল।

বাঘও আছে, হাতিও আছে।

9. লেখো —

গাছ বাঁচাও। জংগল বাঁচাও। জীবদের বাঁচাও।


পরিবেশ বাঁচাও। তবেই মানুষও বাঁচবে।


**10. পড়ো ও বোঝো —**

| | |
|---|---|
| • বই পড়ব। | বিপদে পড়ব। • |
| সে আপন পর মানেনা। | পরদিন ছিল শনিবার। • |
| বেলা পড়ে আসছে। | সে বই পড়ে আসছে। • |
| সেখান থেকে হাঁটা পথ। | কুমিরের হাঁ টা খুব বড়। |
| • শাল গাছের পাতা। | বিছানা পাতা আছে। |
| • কাক ও বক উড়ছে। | বক্‌বক্‌ কোরোনা। |
| • হাতির পাল দেখেছি। | পাল তোলা নৌকা। |

**11. নিচে আঁকা ছবির পাশে তাদের নাম লেখো —**

 ________

 ________


 ________

 ________

 ________

 ________

 ________

 ________